

ইরানে বৃষ্টির সাথে পড়ছে মাছ

- A Monitor Desk Report

Date: 06 May, 2024



তেহরান: বৃষ্টিপাত তো স্বাভাবিক ঘটনা। কিন্তু বৃষ্টির ফোঁটার সঙ্গে আকাশ থেকে পড়ছে শ শ মাছ? শুধু মাছ নয়, সঙ্গে ছোট ব্যাঙ ও কীকড়াও। হ্যাঁ, এ রকমই এক ঘটনার সাক্ষী রইলেন ইরানের বাসিন্দারা।

ঝড়ের সময় আকাশ থেকে মাছ পড়ার একটি ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। তবে বিশেষজ্ঞরা বলছেন, এটি ঘটে যখন একটি টর্নেডো সমুদ্রের পানির ওপর দিয়ে যায়।

টর্নেডোর প্রচন্ড শক্তি পানির সঙ্গে ব্যাঙ, কীকড়া বা ছোট মাছ তুলে অনেক উচ্চতায় নিয়ে যায়। তারপর কোনো জায়গায় বৃষ্টির সঙ্গে পড়ে। ইরানেও তাই হয়েছে।

-B